

# বর্তমান

5<sup>th</sup> July 2017

## বিত্তের নাগালেই ফ্ল্যাট দেবে ইডেন



নিজস্ব প্রতিনিধি, কলকাতা: ‘অ্যাফর্ডেবল হাউজিং’ হিসাবে নতুন প্রকল্প আনছে ইডেন রিয়েলটি। তাদের প্রকল্পটির নাম ‘সোলারিজ বনহুগলি’। বনহুগলির লেকভিউ পার্ক রোডের উপর নতুন প্রকল্পটির খুব কাছাকাছি আছে নোয়াপাড়া মেট্রো স্টেশন। এয়ারপোর্ট থেকেও প্রকল্পটি দূরে নয়, জানাচ্ছে ইডেন রিয়েলটি। দু’টি জি প্লাস ১২ তলার টাওয়ারে থাকছে ১, ২ এবং ৩ বেডরুম বিশিষ্ট ২৭৬টি ফ্ল্যাট। মোট ৪০ কোটি টাকা খরচ করে গোটা প্রকল্প নির্মাণ হবে বলে জানিয়েছেন ইডেন রিয়েলটি গ্রুপের চেয়ারম্যান সচ্চিদানন্দ রাই। এখানকার ফ্ল্যাটগুলির দাম ৯.৯৫ লক্ষ টাকা থেকে ২৪.৯৫ লক্ষ টাকার মধ্যে। গোটা প্রকল্পটিতে বড় সোলার প্যানেল বসানোর পরিকল্পনা থাকায়, এখানকার বাসিন্দাদের বিদ্যুতের বিল অনেকটাই কম হবে বলে দাবি করেছে সংস্থাটি। থাকছে ১১ হাজার বর্গফুটের রুফটপ কমিউনিটি স্পেস, জিম, অ্যাক্টিভিটি সেন্টার, গেম রুম, আড্ডা জোন, সুইমিং পুল, ছোটদের খেলার জায়গা এবং বয়স্কদের বেড়ানোর জায়গাসহ একগুচ্ছ নাগরিক সুবিধা।

- নিজস্ব চিত্র